তারিখ 17 APR 2016
পৃষ্ঠা 2 কলাম ৬

# হোস্টেল ছেড়ে শ্রেণীকক্ষে আশ্রয় ছাত্রীদের

**সিলেট নার্সিং কলেজ বন্ধ ঘোষণা**

■ সিলেট ব্যুরো

সিলেট নার্সিং কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। গত বুধবারের ভূমিকম্পে কলেজের ছাত্রীনিবাসের বারান্দাসহ বিভিন্ন স্থানে ফাটল দেখা দেওয়ায় আতঙ্কে ছিলেন ছাত্রীরা। দু'দিন ঝুঁকি নিয়ে থাকলেও গতকাল শনিবার ছাত্রীনিবাস ছেড়ে কলেজের শ্রেণীকক্ষসহ নানা জায়গায় আশ্রয় নেন তারা। এর পর সন্ধ্যায় এক সপ্তাহের জন্য কলেজ বন্ধের ঘোষণা আসে।

এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ শিল্পী চক্রবর্তী সমকালকে বলেন, সন্ধ্যায় ঢাকা থেকে কলেজ বন্ধ করার নির্দেশনা আসে। তাই এক সপ্তাহের জন্য কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্রীনিবাসে ফাটল প্রসঙ্গে তিনি বলেন, বিশেষজ্ঞদের দিয়ে পরীক্ষা করানোর পর সে ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

শিক্ষার্থীরা জানান, গত বুধবার রাতের ভূমিকম্পে সিলেট নার্সিং কলেজে বড় হোস্টেল নামে পরিচিত ছাত্রীনিবাসের বারান্দাসহ বিভিন্ন স্থানে ফাটল সৃষ্টি হয়। চারতলা ওই ভবনে ফাটল দেখা দেওয়ায় আতঙ্ক দেখা দেয় শিক্ষার্থীদের মধ্যে। ফাটল বিস্তৃত হওয়ায় গত শুক্রবার থেকে তারা হোস্টেল ছাড়তে শুরু করে।

গতকাল পুরো হোস্টেল খালি করে সব ছাত্রী কলেজের ক্লাসরুম ও অফিস, নতুন ছাত্রী হল, স্টাফ কোয়ার্টারসহ বিভিন্ন স্থানে আশ্রয় নেন। এতে ছাত্রীদের ব্যাপক দুর্ভোগ পোহাতে হয়। বিশেষ করে অধিকাংশ শিক্ষার্থীর পরীক্ষা থাকায় তাদের কষ্ট করে সেখানে থাকতে হয়। গতকাল পর্যন্ত ছাত্রীনিবাসের ৩৭৪ ছাত্রীর মধ্যে ২৪০ জনের পরীক্ষা চলছিল।